

প্রশ্নঃ ৬৪২. হুজুর আমি বাসায় থেকে একটু দূরে কাজে আসছি, এখন সেখানে জোহরের নামাজের আজান দিচ্ছে, নামাজ পড়ার জন্য পবিত্র হইতে গিয়ে দেখি আমার হালকা ময়ি বের হইছে, এবং কাপড়ে লাগছে কিনা নির্দিষ্ট করে বলতে পারতেছি না, তখন আমি আন্দাজে আইডিয়া করে লুংগির একটু ধৌত করি এবং শারীরিকভাবে পবিত্র হই অতপর ওয়ু করে জামাতের সহিত ফরজ নামাজ টা পড়ি, এখন আমার প্রশ্ন এই লুঙ্গী পড়ে নামাজটা যে পড়লাম সেটা হইছে??

কোনো কাপড়ে নাপাকি যদি এক দিরহাম (একটি কয়েনের সমপর্যায়ের) পরিমাণ না হয়, তবে সেই কাপড় পরে নামাজ পড়লে নামাজ আদায় হয়ে যাবে। সুযোগ থাকলে সেই কাপড় পরিবর্তন করে নামাজ আদায় করাই সর্বোত্তম।
সুনানে বায়হাকী কুবরা, হাদীস নং-৩৮৯৬, জামেউল আহাদীস, হাদীস নং-১০৭৮৩,

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

